মেহেরপুরে জেলা প্রশাসক কার্যালয়ে ছাদ বাগানের উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয়ে ছাদের উপরে বাগানের উদ্বোধন করা হয়েছে।
বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান আম গাছসহ বিভিন্ন ধরনের ফলের গাছ লাগিয়ে ছাদ বাগানের উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন সরকারি ঘোষণা অনুযায়ী এক ইঞ্চি মাটি খালি রাখা যাবে না। এরই আলোকে পরীক্ষামূলকভাবে ছাদের উপরে গাছ লাগানো হলো, পর্যায়ক্রমে প্রতিটি ছাদে গাছ লাগানো হবে।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তৌফিকুর রহমান, (রাজস্ব) আবু সাঈদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তুষার কুমার পাল, সহকারি কমিশনার মিথিলা দাস, কাজী মুহাম্মদ অনিক ইসলাম, মাশতুরা আমিনা, নাহিদ হোসেন, সবিতা সরকার প্রমুখ ।

জীবননগরে ১০২ বছর বয়সী নূর বক্স মন্ডলের ইন্তেকাল

জীবননগরের নিশ্চন্তপুর গ্রামে হাফিজুল রহমান (ডান্টা) (৫২) এবং নূর বক্স মন্ডল (১০২) ইন্তেকাল করছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইল্লাহি রাজিউন। গতকাল নিশ্চন্তপুর গ্রামে মৃত ইউসুফ আলীর মেঝো ছেলে হাফিজুর রহমান ঢাকা ইবনেসিনা হাসপাতালে ইন্তেকাল করেন। তার পারিবারিক সূত্রে জানা যায় শারীরিক অসুস্থতা দেখা দেওয়াই জীবননগর মনোয়ারা সনো সেন্টারে ডাঃ রফিকুল ইসলাম এর নিকট চিকিৎসা নেন। চিকিৎসায় কোনো পরিবর্তন না আসার কারণে রাজশাহীতে চিকিৎসার জন্য যান, সেখানেও কিছু দিন চিকিৎসা নেন।

চিকিৎসায় সেখানেও কোনো পরিবর্তন না আসার কারণে ঢাকা ইবনেসিনা হাসপাতালে যান। সেখানে কিছুদিন চিকিৎসা নেন এবং সেখানে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।
অপর দিকে নূও বক্স মন্ডল গতকাল বেলা ১১ টার সময় মারা যান। পারিবারিক সূত্রে যানা যায় গত রমজান মাসে হঠাৎ কারে পড়ে গিয়ে ডান পা ভেঙ্গে যায়। তিনি নিজ বাসায় মৃত্যুবরণ করেন। মৃত্যুর সময় তার বয়স হয়েছিলো ১০২ বছর ।

উভয়ের জানাজা ও দাফনকাজে অংশ নেন, বাংলাদেশ জামায়াত ইসলামি চুয়াডাঙ্গা জেলার আমির জনাব আনোয়ারুল হক মালিক, সেক্রেটারি অ্যাড. রুহুল আমিন, অধ্যাপক খলিরুল রহমান, মাওলানা হাফিজুর রহমান, আন্দুলবাড়ীয়া ইউ.পি সাবেক চেয়ারম্যান মোঃ সাখাওয়াত হোসেন প্রমুখ।

মুসা করিমের বাড়ি পরিদর্শন করল মানবাধিকার টিম

গত ২০ অক্টোবর মেহেরপুর প্রতিদিনে “বৃদ্ধ মুসা করিম ছোট নাতিকে নিয়ে ঘুরছে বিচারের আশায়” শিরোনামে প্রকাশিত সংবাদ দেখে বৃদ্ধ মুসা করিমের বাড়ি ও এলাকা পরিদর্শন করেছে স্থানীয় একটি মানবাধিকার টিম।
গতকাল বৃহস্পতিবার সকালের দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।
তিনি জানান, মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের বৃদ্ধ মুসা করিম ও নাতি আকাশকে বড় ছেলের প্রথম স্ত্রী আসমা খাতুন, রিপন আলি ও ফারুক ক্ষমতার দাপটে গৃহহীন করে।
ঘটনার বিবরণে জানা যায়, মুসা করিমের বড় ছেলে লাল চাঁদ প্রথম স্ত্রী ও দুই সন্তান রেখে দ্বিতীয় বিবাহ করেন। দ্বিতীয় সংসারে আকাশ নামের একটি পুত্র সন্তান জন্ম নেয়।
দ্বিতীয় বিয়ের পর থেকে লাল চাঁদের প্রথম স্ত্রী গ্রাম্য সালিশের মাধ্যমে লালচাঁদ এর ছেলেদের জন্য দুইটি বাড়ি ও ১২ কাঠা জমি রেজিস্ট্রি করে দেন।

এ ঘটনায় লালচাঁদ এর প্রথম পক্ষের ২ ছেলে ও স্ত্রী মিলে মুসা করিমের প্রতি ক্ষুব্ধ হয়। এক পর্যায়ে তারা আকাশকে দেয়ার জমি ও বাড়িটি দখল করে বাড়ি থেকে বের করে দেয়।
এ বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিদের কাছে বিচার দিলে কোনো প্রতিকার না পেয়ে মানব উন্নয়ন কেন্দ্র মুখের সালিশ প্রকল্পে অভিযোগ দেন। এ বিষয়ে মানবাধিকারকর্মী আসাদুজ্জামান সেলিম বলেন কিছু দিন আগে স্থানীয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনে এই বিষয়ে একটি সংবাদ প্রকাশিত হয়, প্রকাশিত সংবাদের ভিত্তিতে আমরা কোমরপুর গ্রামে মুসা করিমের বাড়িতে যাই।

শামিম জাহাঙ্গীর সেন্টুর উদ্যোগে মাস্ক বিতরণ

ছবি:১

করোনা ভাইরাস প্রতিরোধে মেহেরপুর ওএমএস ডিলার শামিম জাহাঙ্গীর সেন্টুর উদ্যোগে করোনা ভাইরাস বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাস্ক বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার সকালে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে মাস্ক বিতরণ করা হয়।
এ সময় তিনি বলেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তাই গতকাল বৃহস্পতিবার আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক বিতরণ করেছি। এ সময় উপস্থিত ছিলেন জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা আব্দুল হামিদ, খাদ্য অফিসের পরিদর্শক এরশাদ আলী, ইউ ডি আসাদুর রহমান।

কুষ্টিয়ায় দুই আসামির যাবজ্জীবন

ছবি:২

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার দক্ষিণ ভবানীপুর গ্রামের আতিয়ার রহমানকে গলা কেটে হত্যার মামলায় দুই আসামিকে যাবজ্জীবন ও অর্থদণ্ড দিয়েছেন আদালত।
গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল বিশেষ দায়রা জজ আদালতের বিচারক মুন্সী মো. মশিয়ার রহমান এ রায় ঘোষণা করেন।
এ সময় উত্তর চাঁদপুর গ্রামের কফিল উদ্দিন শেখের ছেলে দণ্ডপ্রাপ্ত আসামি আছান আলী শেখ আদালতে উপস্থিত ছিলেন। অপর দণ্ডপ্রাপ্ত আসামি মো. সেলিম পলাতক রয়েছেন। সে লাহিনী গ্রামের আব্দুস সাত্তারের ছেলে।
আদালত সূত্রে জানা গেছে, টাকা নিয়ে পূর্ব শত্রুতার জের ধরে ২০১৩ সালের ২২ অক্টোবর রাত সাড়ে আটটায় নিজ বাড়ি থেকে আতিয়ারকে কৌশলে ডেকে নিয়ে যায় আসামিরা।
পরদিন সকালে স্থানীয় ধর্মপাড়া মাঠে ধানক্ষেতের আইল থেকে আতিয়ারের গলা কাটা মরদেহ উদ্ধার করা হয়। নিহতের ভাই হাবিবুর রহমান ২৪ অক্টোবর কুমারখালী থানায় হত্যা মামলা দায়ের করেন।
তদন্ত শেষে ২০১৪ সালের ২১ নভেম্বর তিন আসামির বিরুদ্ধে পুলিশ চার্জশিট দাখিল করেন। আদালতে দীর্ঘ শুনানি শেষে অভিযোগ প্রমাণিত হলে পেনাল কোডের ১৪৩/৩২৩/৩০২/৩৪ ধারায় দুই আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ডের আদেশ দেন। এ মামলার তিন নম্বর আসামি রেজাউলকে বেকসুর খালাস দেন আদালত।

শামিম জাহাঙ্গীর সেন্টুর

উদ্যোগে মাক্স বিতরণ

করোনা ভাইরাস প্রতিরোধে মেহেরপুর ওএমএস ডিলার শামিম জাহাঙ্গীর সেন্টুর উদ্যোগে করোনা ভাইরাস সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে মাস্ক বিতরণ করা হয়।

এসময় তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আজ আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক বিতরণ করেছি।

এসময় উপস্থিত ছিলেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা আব্দুল হামিদ, খাদ্য অফিসের পরিদর্শক এরশাদ আলী, ইউ ডি আসাদুর রহমান।

কৃষি ব্যংকের কাথুলী শাখার অনলইন ব্যংকিং কার্যক্রমের উদ্ধোধন

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নে অবস্থিত কাথুলী কৃষি ব্যংক অনলাইন ব্যংকিং কার্যক্রমের প্রাথমিকভাবে উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃস্পতিবার দুপুরে ওই শাখাতে আঞ্চলিক শাখা ব্যবস্থাপক আব্দুল আজিজ উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করা হয়।

এসময় সেখানে উপস্থিত ছিলেন, কৃষি ব্যংকের আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা আব্দুর রশিদ, কাথুলী শাখা ব্যবস্থাপক আনোয়ারুল ইসলাম, সার ও কিটনাশক ব্যবাসায়ী শওকত হোসেন, ব্যবসায়ী আনারুল ইসলাম, সহ ব্যংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে বক্তরা বলেন, দেশের কৃষিখাতে অনবদ্য অবদান রেখে আশা বাংলাদেশ কৃষিব্যংক এখন আরো সহজ সেবা দেওয়ার লক্ষে অর্থলেনদের স্থানটি ডিজিটাল নির্ভর গড়ে তুলতে চাই। সেকারণে ইউনিয়ন পর্যায়ের ব্যংকগুলোতে অনলাইন সেবা চালু করার কাজ চলছে। দেশের প্রতিটি এলকাতে জনগণের দৌড়গোড়ায় ব্যংকিং সেবা পৌছে দেবে কৃষিব্যংক।

মেহেরপুরে বিভক্ত যুবলীগের পৃথক প্রোগ্রাম, একে অপরের কাদা ছোড়াছুড়ি

মেহেরপুরে জেলা যুবলীগের ব্যানারে পৃথকভাবে পালন করা হয়েছে যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী। প্রায় ৫ বছর ধরে আহবায়ক কমিটির আহবায়ক মাহফুজুর রহমান রিটন এর নেতৃত্বে মেহেরপুর কমিউনিটি সেন্টারে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ উপলক্ষে মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে বিশেষ আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়। অন্য দিকে জেলা যুবলীগের ব্যানারে একই কমিটির ২ নং যুগ্ম-আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে পালিত হয় যুবলীগের ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বিশেষ আলোচনা সভা।

সভায় ভার্চুয়াল কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

একই ব্যানারে পৃথক প্রোগ্রাম নিয়ে কাদা ছোড়াছুড়ি করেছেন নেতারা, দুষছেন একে অপরকে। জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন তার বক্তব্যে বলেন, এখন অনেকের যুবলীগ করতে শখ হয়েছে। যারা যুবলীগকে টেন্ডার বাজ বলতো, যারা এই যুবলীগকে সন্ত্রাসলীগ বলতো তারাই আজ যুবলীগ করতে চায়।

যারা মাদক নিয়ে পড়ে থাকতো , যারা মাদক সম্রাট নামে পরিচিত তারাই

এসেছেন তাদের আমরা ভালো করেই চিনি।

৬ থেকে ৭ বছর আগে মেহেরপুর জেলা যুবলীগের দায়িত্ব নিয়েছেন তারা কে ? খুলনা বিভাগের অস্ত্র ব্যবসায়ী । চালান হয়েছেন বারবার। তিনি মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক হয়েছেন।

টাকা দিয়ে তিনি মেহেরপুরে নেতৃত্বে দিতে আসে নাই, ব্যবসা করতে এসেছেন। আর একজন যুগ্ম-আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, উনি কে? উনি একজন আদম ব্যবসায়ী এবং তিনি একজন সাবেক সফল জেলা যুবলীগের সাধারণ সম্পাদক বিপুল হত্যার ১ নং আসামি। সেই বিচার এখনো চলমান আছে। তাই আজকের এই যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে আমি তার সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছি।

সভায় সভাপতিত্ব করেন সরফরাজ হোসেন মৃদুল। সভাপতির বক্তব্যে তিনি বলেন, আমার আহবানে মেহেরপুর যুবলীগের হাজার হাজার কর্মী এখানে উপস্থিত হয়েছে। এতে বোঝা যায় মেহেরপুর যুবলীগ ঠিক নেতৃত্বহীনতায় ভুগছে। তাই আমাদের জনপ্রশাসন প্রতিমন্ত্রী মহদোয়ের কাছে একটাই দাবি, আগামী দিনে মেহেরপুর যুবলীগের সুষ্ঠু কমিটি গঠন করে দিবেন।

মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরণ এর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম, সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম-সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, পাবলিক প্রসিকিউটর ও আইন বিষয়ক সম্পাদক পল্লব ভট্টাচার্য, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক কামাল পলাশ, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাঁদু, মেহেরপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদীব হাসান আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি একে আজাদ সাগর।

জেলা যুবলীগের পৃথক প্রোগ্রামে কাদা ছোড়াছুড়ির বিষয়ে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, আজকের অনুষ্ঠানের শুরুতেই আমরা নেতাদের বলেছিলাম কোন আক্রমণাত্মক বক্তব্য যেন না দেওয়া হয়। আজকের প্রোগামে আমি কোন কাদা ছোড়াছুড়ি দেখিনি। তাছাড়া বরাবরই আমি দেখে আসছি সবাই একসাথে থাকতে চাইনা।

হাসাদাহ প্রতিনিধি জানান, জীবননগর উপজেলার হাসাদাহে যুবলীগের

কর্মীরা।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে রিটনের নেতৃত্বে যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন এর নেতৃত্বে যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। বুধবার বিকালে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এ উপলক্ষে আলোচনা সভা ও কেক কাটার আয়েজন করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন। মেহেরপুর জেলা যুবলীগের সদস্য সাজিদুর রহমান সাজুর সঞ্চালনায়, অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুবলীগের সদস্য ইউনুস আলী, মাহাবুব হাসান ডালিম, মেহেরপুর সদর উপজেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক মিজানুর রহমান অপু,

শহর যুবলীগের যুগ্ন সাধারন সম্পাদক শহীদুজ্জামান সুইট, সাবেক জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক মন্টু, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি বাবুল মল্লিক, সাধারণ সম্পাদক আজিজুর রহমান মংলা, আমদহ ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আবদুস সামাদ,

মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক, সাধারণ সম্পাদক শান্তি রাজ, মহাজনপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মফিজুর রহমান মজনু, সাধারণ সম্পাদক মিঠু, বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের সভাপতি উজ্জ্বল হোসেন সাধারণ সম্পাদক রুমেল মোল্লা।

পরে দলীয় নেতাকর্মীদের সাথে নিয়ে কেক কাটা হয়। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুরের বিভিন্ন ইউনিটের যুবলীগের নেতাকর্মীরা।

মেহেরপুরে মৃদুলের নেতৃত্বে যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল এর নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। বুধবার বিকালে জেলা শিল্পকলা একাডেমীতে এ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। এ উপলক্ষে যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল এর সভাপতিত্বে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় ভার্চ্যুয়াল কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা আওয়ামীলীগের সভাপতি মেহেরপুর ১ আসনের সাংসদ ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। অন্যদের মধ্যে বক্তব্য দেন, জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, পাবলিক প্রসিকিউটর ও আইন বিষয়ক সম্পাদক পল্লব ভট্টাচার্য,

গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন সাধারণ সম্পাদক কামাল পলাশ,মুজিব নগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাঁদু, মেহেরপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল,

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদীব হাসান আসিফ এবং সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন,সাবেক মেহেরপুর জেলা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি একে আজাদ সাগর, ছাত্রনেতা শেখ ছাদি,

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরণ।